

## ইতিহাসের সবচেয়ে বড় উপহার পেল ব্রিটিশ মিউজিয়াম

- A Monitor Desk Report

Date: 04 December, 2024



লন্ডনঃ ব্রিটিশ মিউজিয়াম ১ হাজার ৭০০টি চৈনিক সিরামিকস উপহার পেয়েছে, যার মূল্য ১২৭ কোটি ডলারের কাছাকাছি। এটা মিউজিয়ামটির গত প্রায় তিন শতাব্দীর ইতিহাসে সবচেয়ে বড় উপহারের ঘটনা; আর কাজটি করেছে পারসিভাল ডেভিড ফাউন্ডেশন।

উপহারের মধ্যে রয়েছে ১৩৫১ সালে নির্মিত একটি নীল-সাদা রঙের পাত্র, পঞ্চদশ শতাব্দীর পোর্সেলিনের কাপ এবং একাদশ শতাব্দীতে নির্মিত রু ওয়ারি নামের দুর্লভ চৈনিক পাত্র। ব্রিটিশ মিউজিয়ামের চেয়ারম্যান জর্জ ওসবর্ন বলেন, ‘মিউজিয়ামের দীর্ঘ ইতিহাসে এটা সবচেয়ে বড় সহায়তা। সামনের দিনগুলোয় এগিয়ে যাওয়ার জন্য এটা সবচেয়ে বড় অনুপ্রেরণা।’

অনুদানের মধ্য দিয়ে চীনের বাইরে চৈনিক প্রত্নতাত্ত্বিক নিদর্শনের অন্যতম বৃহৎ সংগ্রহশালায় পরিণত হবে ব্রিটিশ মিউজিয়াম। প্রতিষ্ঠানটির সংগ্রহে সব মিলিয়ে চৈনিক নিদর্শনের সংখ্যা ১০ হাজার। পারসিভাল ডেভিড জন্মগ্রহণ করেন ১৮৯২ সালে। তিনি একজন ব্রিটিশ ব্যবসায়ী। চীন সম্পর্কে কৌতূহল থেকেই তিনি সেখানকার ভাষা ও সিরামিক সংগ্রহের দিকে ঝুঁকি পড়েন। বিশেষ করে চৈনিক সাম্রাজ্যের আমলের দিকে ছিল তার অনুরাগ। ক্রমে সেগুলোর মাধ্যমে গড়ে তোলেন ব্যক্তিগত সংগ্রহ। অনুদানটি সম্পর্কে ব্রিটিশ শিল্পমন্ত্রী ক্রিস ব্রায়ান্ট দাবি করেছেন, এ সংগ্রহগুলো আগামী দিনগুলোয় নতুন প্রজন্মের জন্য শিক্ষা অর্জনে ব্যবহার হবে।

-B